

নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদান করলে সে মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীর নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে।

উল্লেখ্য, যাদাই শেষে মুক্তিযোদ্ধাদের সঠিক তালিকা সম্বলিত চূড়ান্ত গেজেট মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশ করা হবে। প্রকাশিত গেজেটের ভিত্তিতেই কোন চাকরি প্রার্থীর অনুকূলে অস্থায়ীভাবে প্রদানকৃত নিয়োগ নিয়মিত করা যাবে।

গ) কোন মুক্তিযোদ্ধার নাম লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকায় নেই, কিন্তু তাঁর অনুকূলে শুধুমাত্র-

i) গেজেট
কিংবা

ii) সাময়িক সনদ
কিংবা

iii) বামুস সনদ
কিংবা

iv) সাময়িক সনদ ও বামুস সনদ

থাকলেও তাঁকে নিয়োগ করা যাবে না। তবে তাঁর নাম গেজেটসহ উপরিউক্ত (গ) এর (ii), (iii), (iv) এর যে কোন একটি প্রমাণক থাকলে অনুচ্ছেদ ২ (খ) মোতাবেক অস্থায়ী নিয়োগ প্রদান করা যাবে।

ঘ) মুক্তিযোদ্ধা কোটায় যে কোন নিয়োগের তালিকা সংযুক্ত ছকে নিয়োগকারী কর্তৃপক্ষ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

ঙ) অনুচ্ছেদ ২ এর ক, খ, গ ও ঘ এ বর্ণিত নির্দেশনার বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে সে বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে মতামত/প্রত্যয়ন গ্রহণ করা যেতে পারে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারী করা হল।

স্বা:

(মো: সলিমুল্লাহ)

তাং: ১৯.০৬.২০১৭

যুগ্মসচিব (গেজেট, সনদ ও প্রত্যয়ন)

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

ফোন-০২-৯৫৫০১৪৯

তারিখঃ ০৫ আষাঢ়, ১৪২৪
১৯ জুন, ২০১৭

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২(৯৪০)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ),..... বাংলাদেশ সচিবালয়, ঢাকা-(মন্ত্রণালয়ের অধিনস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয়/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৩. বিভাগীয় কমিশনার(সকল) -(সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৪. যুগ্মসচিব (আইসিটি সেল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি মন্ত্রণালয়ের website এ প্রকাশ করার অনুরোধসহ)।
৫. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. জেলা প্রশাসক(সকল) -(সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. অফিস কপি।

১৭ ০৬ ২০১৭

(মোঃ রফিকুল হক)

সিনিয়র সহকারী সচিব

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

ইমেইলঃ sasattribution@molwa.gov.bd